



SHATADHA

Sanchaya O Rindan Shamabya Samitee Ltd

প্রিয় বন্ধু

অবশেষে আমরা আগামী কাল ২২ জানুয়ারি রোজ শুক্রবার শতধার প্রথম মিলন মেলায় সপরিবারে একত্রিত হচ্ছি। আমাদের ভ্যানু হলো শীতলক্ষ্যা ওয়াটার রিসোর্ট, তিনশত ফিট রাস্তার কাঞ্চন ব্রীজের সন্নিকটে। ভৌগোলিক ভাবে এই রিসোর্ট নারায়নগঞ্জের রূপগঞ্জ অবস্থিত। এখানে সময়মত পৌঁছান, যাওয়ার পর আমাদের করণীয় ইত্যাদি বিষয়ে তোমাদের ধারণা দেওয়ার চেষ্টা করছি।

০১. শীতলক্ষ্যা ওয়াটার রিসোর্টের লোকেশন গুগল লিংক (<https://goo.gl/maps/gfbeh4XHGEkKp5G67>) দেওয়া হলো। আমরা এই লিংক ব্যবহার করে ভ্যানুতে সহজে পৌঁছতে পারব।

০২. আমাদের প্রত্যেক অংশ গ্রহণকারীকে মাথা পিছু ১৩০০/- (একহাজার তিনশত) টাকা করে প্রদান করতে হবে। এই টাকা আমরা আজ বিকাশের মাধ্যমে পাঠাতে পারি। অথবা আগামীকাল ভ্যানুতে আমাদের কোষাধ্যক্ষ আজাদকে নগদে প্রদান করতে পারি। বিকাশ নম্বর হলো, আজাদ: ০১৭১৪২২৯৫৯৯। এবিষয়ে সবার সহযোগিতা কামনা করছি।

ড্রাইভারদের আলাদা খাবারের ব্যবস্থা আছে। এজন্য ৫৫০/- (পাঁচ শত পঞ্চাশ) টাকা দিতে হবে।

০৩. আমরা আগামীকাল ভোরে নিজ নিজ ঠিকানা থেকে রওনা হয়ে সকাল ৮.৩০মিঃ এর মধ্যে তিনশো ফিট রাস্তা সংলগ্ন বসুন্ধরা কনভেনশন সেন্টারের সামনে মিলিত হব। এখানে আমরা একে অপরের সাথে কথা বলে যানবাহন শেয়ার করব। কোন বন্ধুর নিজস্ব যানবাহনের ব্যবস্থা না থাকলে এই স্পট থেকে আমরা তাকে ভ্যানুতে পৌঁছানোর ব্যবস্থা করব। এবিষয়ে আগে থেকে জানাতে হবে।

০৪. মিলন মেলা উপলক্ষে একটি আকর্ষণীয় লটারির আয়োজন করা হয়েছে যার টিকিটের মূল্য ১০০/- (একশত) টাকা। অনেক গুলো খুব চমৎকার পুরস্কারের আছে এখানে। আশাকরি বন্ধুরা একাধিক টিকিট কিনে লটারিতে অংশ নিবে এবং নিজের ভাগ্যের উপর আস্থা রাখবে।

০৫. আমরা সকাল ০৯টায় ভ্যানুতে পৌঁছে প্রথমে একসাথে নাস্তা সেরে নিব। শুরুতেই নিজদের পরিবারের সদস্যদের সাথে বন্ধুদের পরিবারের সদস্যদের আলাপ পরিচয় করিয়ে দেওয়া, শতধার সৃষ্টি, বিকাশ, লক্ষ, উদ্দেশ্য নিয়ে পরিবারের সদস্যদের ধারণা দেওয়ার চেষ্টা, স্কুল জীবনের স্মৃতি চারণ করা ইত্যাদি কাজের ফাঁকে ফাঁকে আমাদের বেশ কিছু খেলাধুলার পরিকল্পনা আছে, সেখানে অংশ গ্রহণ করব। এরপর হবে সুইমিং পুলে সাঁতার।

০৬. সুইমিং পুলে পরিপূর্ণ মজা করার জন্য বন্ধুদের প্রয়োজনীয় কাপড় নিয়ে যাওয়ার পরামর্শ দেওয়া হলো। ওখানে নারী ও পুরুষদের আলাদা আলাদা রুমে ড্রেস চেনজ বা রিফ্রেশ হওয়ার পর্যাপ্ত ব্যবস্থা আমরা রেখেছি।

০৭. দুপুর ০২টায় আমরা সবাই এক সাথে মধ্যাহ্ন ভোজে মিলিত হব।

০৮. এরপর হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। আমাদের পরিবারের সদস্যরাই এখানে পারফর্ম করবে আশাকরি। সকল বন্ধুদের জন্য গান, কবিতা আবৃত্তি, কৌতুক ইত্যাদি পরিবেশন করা বাধ্যতা মূলক 😊😊।

০৯. বৈকালিক চা চক্রের আয়োজন থাকবে বিকাল ৪.৩৯ মিঃ এ। চা নাস্তা শেষ করে আমরা ভ্যানু থেকে ঢাকার উদ্দেশ্যে রওনা হব।

মোটামুটি এই হলো আমাদের আগামীকালের কসুঁচি। আশা করছি খুব আনন্দময় একটা দিন অপেক্ষায় আছে আমাদের জন্য। শতধা পরিবারের সব বন্ধুদের সাথে দেখা হওয়া ও আড্ডা দেওয়ার প্রবল আকাঙ্ক্ষা ব্যক্ত করে আজ এখানেই শেষ করছি।

সবাই ভালো ও নিরাপদে থাক। ধন্যবাদ।

রাজীব

সাধারণ সম্পাদক

সততা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ